অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/4/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ক্রান্তীয় ঝড় ইসাইয়াস সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য জানিয়েছেন

ঝড় শক্তিশালী বাতাস, ভারী বৃষ্টি এবং আকস্মিক বন্যা সহকারে স্টেটের বেশ কিছু অংশে প্রভাব ফেলা অব্যাহত রেখেছে

নিউ ইয়র্ক জুড়ে 870,000 টিবিদ্যুৎ বিভ্রাটের ঘটনা ঘটেছে

প্রায় 80,000 বৈদ্যুতিক গ্রাহককে পুনরুদ্ধার করা হয়েছে

গভর্নর মারিও. এম কুয়োমো ব্রিজ থেকে সাময়িকভাবে খালি ট্রেলার নিষিদ্ধ; গতি সীমা কমে ঘণ্টায় 35 মাইল

লং বিচ এবং ফার রকাওয়ে শাখায় লং আইল্যান্ড রেল রোড পরিষেবা পুনরুদ্ধার করা হয়েছে

হাডসন লাইন সার্ভিস গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল থেকে সীমিত আউটবাউন্ড সার্ভিস সহকারে মেট্রো-নর্থে পুনরায় শুরু হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে বর্তমানে স্টেটের মধ্যে দিয়ে যাওয়া ক্রান্তীয় ঝড় ইসাইয়াসের ব্যাপারে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য জানিয়েছেন। এই ঝড় স্টেটের পূর্ব অংশের মধ্য দিয়ে উত্তর দিকে চলছে এবং ইতোমধ্যে একাধিক গাছ পড়ে যাওয়া, স্থানীয় আকস্মিক বন্যা সৃষ্টি করেছে এবং 870,000 বিদ্যুৎ বিভ্রাটের সৃষ্টি করেছে। মঙ্গলবার রাত 10:00টা পর্যন্ত 80,000 গ্রাহক বিদ্যুৎ ফিরে পান কিন্তু, 869,611 জন গ্রাহক এখনো বিদ্যুৎ সংযোগহীন অবস্থায় রয়েছে। একাধিক রাষ্ট্রীয় সংস্থার জরুরি সাড়াদান কর্মীরা বর্তমানে সাড়া প্রচেষ্টায় স্থানীয় অংশীদারদের সাহায্য করছে এবং পাবলিক সার্ভিস বিভাগ যত দ্রুত সম্ভব সেবা পুনরুদ্ধারের জন্য ইউটিলিটি কোম্পানির সাথে কাজ করছে।

ন্যাশনাল ওয়েদার সার্ভিস কর্তৃক ক্রান্তীয় ঝড়, বন্যা, টর্নেডো এবং উচ্চ বাতাসের জন্য একাধিক পর্যবেক্ষণ, সতর্কতা এবং নির্দেশিকা বলবত রয়েছে এবং আশা করা হচ্ছে মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত সেগুলি বলবত থাকবে। নিউ ইয়র্কবাসীরা সর্বশেষ আবহাওয়া পূর্বাভাসের পাশাপাশি, এই সকল

বিজ্ঞপ্তির সম্পূর্ণ তালিকার জাতীয় আবহাওয়া পরিষেবা ওয়েবসাইটে গিয়ে দেখতে পারেন এখানে। নিউ ইয়র্কবাসীদের সব চেয়ে বেশি হালনাগাদ তথ্যের জন্য স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করা চালিয়ে যাওয়া উচিত।

"স্টেটের জরুরি প্রতিক্রিয়া কর্মীরা ফিল্ডে আছেন এবং ঝড় সম্পর্কিত যে কোন চাহিদাকে সমর্থন করার জন্য আমাদের স্থানীয় অংশীদারদের সাথে সম্পূর্ণভাবে নিয়োজিত আছেন," **গভর্নর কুওমো বলেন**। "যেহেতু ঝড়টি রাজ্য থেকে সরে যাচ্ছে, আমরা সারারাত কাজ করব যাতে কমিউনিটিগুলো নিরাপদ থাকে, পরিবহন খোলা থাকে এবং ইউটিলিটিগুলো বিদ্যুৎ পুনরায় চালু করে।"

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধারের উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 4,500 জন শ্রমিক রয়েছে। ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসে কর্মীরা ঝড়ের পূর্ণ সময় জুড়ে ইউটিলিটিগুলোর কাজ ট্র্যাক করবে এবং নিশ্চিত করবে যে ইউটিলিটিগুলো ঐসব অঞ্চলে যথাযথ কর্মী নিয়োগ করে যেগুলি সব চেয়ে বেশি প্রভাবিত হবে বলে আশা করা হচ্ছে। উপরন্তু, PSEG LI, কন এডিসন (Con Edison), অরেঞ্জ ও রকল্যান্ড (Orange & Rockland) এবং কেন্দ্রীয় হাডসন (Central Hudson) ট্রপিকাল ঝড় ইসাইয়াস এর থেকে আসন্ন প্রভাবের ফলে তাদের প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধার প্রচেষ্টার সমর্থনে প্রায় 2,000 অতিরিক্ত পারস্পরিক সহায়ক লাইন কর্মীর ব্যবস্থা করেছে।

কোম্পানির বৈদ্যুতিক ঘাটতি নিম্নরূপ:

CHGE	109,000
CONED	205,335
NGRID	19,077
NYSEG	89,370
ORU	103,889
PSEG-LI	342,681

কাউন্টি অনুযায়ী বর্তমান বিদ্যুৎ বিভ্রাটের সংখ্যা নিম্নরূপঃ

অ্যালবেনি	1,814
ব্রঙ্কস	22,848
কলাম্বিয়া	7,182
ডেলাওয়্যার	524
ডাচেস	26,253
এসেক্স	305

ফুলটন	326
কিংস	13,101
মনরো	259
মন্টগোমারি	117
নাসাউ	142,479
নিউ ইয়র্ক	165
নায়াগ্রা	1,112
অরেঞ্জ	48,416
অসওয়েগো	134
পাটনাম	35,006
কুইন্স	48,583
রেনসেলার	2,264
রিচমন্ড	26,292
রকল্যান্ড	60,878
সারাটোগা	7,206
স্কেনেকটেডি	1,058
শোহারি	436
সাফোক	1,98,047
সালিভান	11,735
আলস্টার	4,776
ওয়ারেন	1,792
ওয়াশিংটন	268
ওয়েস্টচেস্টার	125,605

স্টেট এজেন্সির প্রতিক্রিয়া কার্যক্রম

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)

নিউইয়র্ক স্টেট ডিভিশনের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের জরুরি অপারেশনস সেন্টার (Emergency Operations Center) COVID-19 মহামারীর কারণে সক্রিয় রয়েছে এবং তারা আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, রাষ্ট্রীয় প্রতিক্রিয়া কার্যক্রম পরিচালনা করবে এবং ঘটনার পুরো সময়কালে এলাকাবাসীর সাথে যোগাযোগ করবে। স্টেটের মজুদকেন্দ্রগুলি ঝড়-সম্পর্কিত প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকালয়ে সম্পদ মোতায়েনের জন্য প্রস্তুত। এর মধ্যে রয়েছে পাম্প, চেইনস, বালির বস্তা এবং বোতলজাত পানি। অধিকন্তু, আগুন প্রতিরোধ ও নিয়ন্ত্রণ বিভাগের কার্যালয়

(Division's Office of Fire Prevention and Control) ঝড়ের গতিপথের স্থানীয় প্রাথমিক সাড়াদানকারীদের সহায়তা করার জন্য তাদের সুইফট ওয়াটার আরবান সার্চ অ্যান্ড রেসকিউ দল (Swift Water Urban Search and Rescue team) প্রাক মোতায়েন রয়েছে। দলগুলি নৌকা এবং উচ্চ-অ্যাক্সেল যানবাহনে সজ্জিত।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT)
লোয়ার হাডসন ভ্যালি এবং লং আইল্যান্ডে DOT ক্রুরা স্টেট সিস্টেম থেকে পড়ে যাওয়া গাছ অপসারণে সক্রিয়ভাবে কাজ করছে। কিছু স্টেট রোড সাময়িকভাবে বন্ধ আছে, কিন্তু রক্ষণাবেক্ষণ ক্রুরা রাস্তা পরিষ্কারে দ্রুত সাড়া দিচ্ছে। ঝড় উত্তর দিকে সরে যাওয়ার সময়, DOT ক্রুরা ঝড় চলাকালীন দ্রুত সাড়া দিয়ে যত দ্রুত সম্ভব রাস্তা পরিষ্কারের জন্য তৈরি।

স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1433টি বৃহৎ ডাম্প ট্রাক
- গ্রাপল সহ 48টি লোডার
- 313টি লোডার
- সিউয়ার জেট সহ 16টি ভ্যাকুয়াম ট্রাক
- 28টি ট্র্যাকড় খননযন্ত্র
- 47টি চাকাযুক্ত খননযন্ত্র
- লোবয় ট্রেইলার সহ 61টি ট্র্যাক্টর ট্রেইলার
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 35টি ট্রাফিক সিগন্যাল ট্রাক
- 7টি পানির পাম্প
- 7টি চিপার

সব ক্ষতিগ্রস্ত রেসিডেন্সি এলাকায় অগ্রাধিকারযুক্ত প্রতিক্রিয়ার অপারেশনের সময়কাল জুড়ে 24/7 অপারেশন জন্য কর্মী মোতায়েন রয়েছে। রেসপন্স সরঞ্জাম কর্মক্ষম রাখতে মেকানিক সাপোর্ট রাখা হবে 24/7।

বন্যা/ধ্বংসাবশেষ দ্রুত প্রতিক্রিয়া কর্মীদের মঙ্গলবার রাতে মিড হাডসন এবং লং আইল্যান্ড অঞ্চলে প্রাক-মোতায়েন রয়েছে যেকোনো প্রয়োজনে দ্রুত সাড়া প্রদানের জন্য। অতিরিক্ত সহায়তা প্রদানের জন্য প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ক্রুদের ডাকা হবে।

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথরিটি বর্তমানে গভর্নর মারিও এম. কুয়োমো সেতুর উপর খালি ট্রেলার চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছে এবং গতি সীমা কমিয়ে 35 মাইল প্রতি ঘন্টা করা হয়েছে। উপরন্তু, রক্ষণাবেক্ষণ কর্মীরা গাছ ভেঙ্গে পড়ার অসংখ্য সংবাদে সাড়া দিচ্ছে।

বর্তমানে ঝড়ো বাতাস সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেট জুড়ে 647 জন অপারেটর ও সুপারভাইজার, ছোট থেকে মাঝারি আকারের খননযন্ত্র, লাঙ্গল/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য VMS বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও উপকরণ টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে। থ্রুওয়েতে আবহাওয়া পরিস্থিতির ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকম বার্তা চিহ্ন, হাইওয়ে পরামর্শ রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 213টি বৃহৎ ডাম্প ট্রাক
- 127টি ছোট ডাম্প ট্রাক
- 61টি লোডার
- 25 ট্রেইলার
- 7টি ভ্যাক ট্রাক
- 10টি ট্র্যাকড খননযন্ত্র
- 7টি চাকাযুক্ত খননযন্ত্র
- 11টি ব্রাশ চিপার
- 99টি চেইনস
- 20টি এরিয়াল ট্রাক
- 21টি স্কিড স্টিয়ার
- 87টি বহনযোগ্য জেনারেটর
- 69টি বহনযোগ্য আলোর ইউনিট

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ই-মেইলের জন্য সাইন আপ করতে পারেন নিচের লিঙ্ক অনুসরণ করে যা থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি সম্পর্কিত তথ্য প্রদান করে: www.thruway.ny.gov/tas/index.shtml. রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথারিটি (Metropolitan Transportation Authority, MTA)
মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির 10,000 এর ও বেশী কর্মী এই ক্ষেত্রে কাজ করছে এবং সেবা প্রদান করছে এবং ক্রান্তীয় ঝড় ইসাইয়া সৃষ্ট ক্ষয়ক্ষতির প্রতি সাড়া দিচ্ছে। সাবওয়েতে, যেখানে দিনের শুরুতে সমস্ত আউটডোর লাইন সাময়িকভাবে স্থগিত করা হয়, চারটি ট্রেন ব্যতীত (এ, বি,

ডব্লিউ এবং জেড ট্রেন) এবং স্টেটেন আইল্যান্ড রেলওয়ে ছাড়া সবগুলোই পুরোপুরি পুনরুদ্ধার করা হয়েছে। লং আইল্যান্ড রেল রোডে, কর্মীরা লং বিচ এবং ফার রকাওয়ে শাখায় সেবা পুনরুদ্ধার করেছে। গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল থেকে সীমিত বহির্মুখী সেবা সহকারে মেট্রো-নর্থে হাডসন লাইন পরিষেবা পুনরায় শুরু হয়েছে।

আমাদের অবকাঠামোর ব্যাপক ক্ষতির কারণে ব্রাঞ্চেসসহ হারলেম এবং নিউ হ্যাভেন লাইন স্থগিত রাখা হয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব পূর্ণ সেবা পুনরুদ্ধারের জন্য ক্রুরা সারা সন্ধ্যা কাজ চালিয়ে যাবে। সম্ভব হলে গ্রাহকদের বাড়িতে থাকতে উৎসাহিত করা হচ্ছে, এবং সর্বশেষ সেবা তথ্যের জন্য new.mta.info, MYmta অ্যাপ এবং টুইটারে MTA এজেন্সি পর্যবেক্ষণ করতে উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকগণ MYmtaalerts.com এ টেক্সট এবং ইমেইল এলার্টের জন্য সাইন আপ করতে পারেন।

নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey, PATH)

পোর্ট অথরিটির বিমানবন্দর, টার্মিনাল এবং বাস স্টেশনের ভ্রমণার্থীদের বিলম্ব, বাতিল অথবা পুনঃবুকিংয়ের সর্বশেষ তথ্যের জন্য সরাসরি বাস ক্যারিয়ার এবং এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হয়।

ঝড় সম্পর্কিত তার এবং সিগন্যাল কাজের কারণে, PATH নিউআর্ক পেন স্টেশন, হবোকেন এবং ৩৩তম সেন্ট স্টেশনে নিউ জার্সি ট্রানজিট (New Jersey Transit, NJT) টিকেট/পাসকে গ্রহণ করবে।

পোর্ট অথরিটি সুবিধা সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA এলার্ট-এর জন্য সাইন আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। দ্রুত পানি থেকে উদ্ধার দল এবং স চালক সহ, বিদ্যমান সকল সংস্থান, যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

স্টেট পার্ক অপারেশন কর্মীরা বর্তমানে ঝড়ের ক্ষয়ক্ষতি এবং ধ্বংসাবশেষ পরিষ্কার করছে। লং আইল্যান্ড এবং হাডসন ভ্যালির বেশ কিছু রাষ্ট্রীয় উদ্যান এবং পুল পর্যটকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষার জন্য অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। সম্ভাব্য দর্শকদের পার্কের অবস্থা সম্পর্কে আপডেটের জন্য https://parks.ny.gov/ ভিজিট করতে অনুরোধ করা হয়েছে।

উপরন্তু, ৪টি স্টেট পার্ক সয়ার ক্রু DOT এর রাস্তা পরিষ্কার প্রচেষ্টাকে সমর্থন করছে এবং 4 সদস্যের পার্ক পুলিশ সুইফটওয়াটার রেসকিউ টিম কিংস্টনে স্টেট পুলিশের সমর্থনে উপস্থিত রয়েছে। স্টেট পার্ক অপারেশন কর্মীরা বন্যার ক্ষয়ক্ষতি প্রতিরোধে জোন্স বিচ এবং গিলগো বিচে প্রতিরক্ষামূলক বালির বেড়া তৈরি করেছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

নিউইয়র্ক স্টেট পুলিশ সমস্ত ট্রুপারকে সজাগ থাকতে এবং যে কোনও সমস্যার জন্য পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার নির্দেশ দিয়েছে। প্রয়োজনে ক্ষতিগ্রস্ত এলাকায় অতিরিক্ত কর্মী মোতায়েন করা হবে। স্টেট পুলিশের দ্রুত পানি উদ্ধারকারী দলের সদস্যদের মোতায়েন করা হবে এবং অবিলম্বে সাড়া দেওয়ার জন্য মোতায়েন করা হবে। নৌকা এবং ইউটিলিটি যানবাহন সহ সকল চার চাকার গাড়ি এবং সকল বিশিষ্টতা যানবাহন, ব্যবহৃত হচ্ছে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA)

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি পারস্পরিক সহায়তায় পাওয়ার পুনরুদ্ধারের অনুরোধ সমর্থন করার জন্য বিনিয়োগকারী মালিকানাধীন ইউটিলিটি, পৌর এবং সমবায় অংশীদারদের সাথে কাজ করছে। NYPA-এর উৎপাদন এবং ট্রান্সমিশন সম্পদের উপর কোন কার্যকর প্রভাব পড়েনি, তবে কর্মীরা ন্যাশনাল ওয়েদার সার্ভিসের আপডেট পর্যবেক্ষণ চালিয়ে যাচ্ছে এবং অভ্যন্তরীণ এবং বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় করছে।

ক্যানাল কর্পোরেশন মেরিনারদের কাছে একটি বিজ্ঞপ্তি জারি করেছে যে সম্ভাব্য আকস্মিক বন্যার প্রভাবের জন্য এরি ক্যানাল সেন্ট জনসভিলের লক ই-16 থেকে জ্যাকসনবার্গের লক ই-18 পর্যন্ত আজ বিকেলে বন্ধ করে দেওয়া হয়েছে। সকালে পরিস্থিতি পুনর্মূল্যায়ন করা হবে এবং প্রয়োজন অনুযায়ী হালনাগাদকৃত বিজ্ঞপ্তি শেয়ার করা হবে।

নিরাপত্তা পরামর্শ

প্রবল বৃষ্টিপাত হওয়ার সময়েই রাস্তায় বের হলে, অনুগ্রহ করে সাবধানে গাড়ি চালান এবং এই বিষয়গুলি মাথায় রাখুন:

- বন্যা বিধ্বস্ত রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ধ্বংসাত্মক ক্ষমতাকে অবহেলা করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানি কিন্তু আপনার গাড়িকে ভাসিয়ে নিয়ে চলে যাবে। প্রতি ঘণ্টায় দুই মাইল বেগে বয়ে চলা জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- বন্যা বিধ্বস্ত রাস্তায় যাতে আটকা পড়তে না হয় সে জন্য সময়ের আগেই বের হোন।
- প্রস্তাবিত রাস্তা অনুসরণ করুন। বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলি দেখতে ইমার্জেন্সি ডিট্যুর উপেক্ষা করবেন না।

- যাতায়াত করার সময়ে, সাম্প্রতিক খবরে নজর রাখতে NOAA ওয়েদার রেডিও এবং লোকাল রেডিও ব্রডকাস্টে মনযোগ রাখুন।
- বন্যায় ভেসে চলে যাওয়া রাস্তা, ফাঁটল ধরে যাওয়া, পানি অথবা পানি বের হয়ে যাওয়ার ব্যবস্থায় থাকা ফাঁটল অথবা বৈদ্যুতিক তার মাটিতে পড়ে আছে কি না এবং কোনও কিছু পড়ছে অথবা পড়ে আছে কি না সেই সব দিকে নজর রাখুন।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

বন্যা এবং গুরুতর আবহাওয়ার জন্য প্রস্তুত হন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়া সতর্কতা একটি কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- একটি 'পরিবার পালাবার' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-নিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।

হাতে দুর্যোগ সরবরাহ রাখুন, এগুলো সহ:

- টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি

- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং জল
- অ বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, এটিএম কার্ড

বিদ্যুৎ চলে গেলে, নিউ ইয়র্কের অধিবাসীদের উচিত:

- বিদ্যুৎ-চালিত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ বন্ধ করে রাখুন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিন, যেমন- কম্পিউটার, কারণ বিদ্যুৎ সরবরাহ সাময়িক বেড়ে গেলে তা আপনার যন্ত্রকে নষ্ট করে দিতে পারে। একটি বাতির সুইচ চালু করে রাখুন যাতে বিদ্যুৎ ফিরে আসলে আপনি জানতে পারেন। যখনই বৈদ্যুতিক উপকরণ ব্যবহার করবেন, বিদ্যুৎ সার্জ প্রটেক্টর ব্যবহার করুন।
- বিদ্যুৎ চলে গেলে সেবা সংস্থাকে ফোন করুন এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় বেতার সম্প্রচার শুনুন। নিউ ইয়র্ক স্টেটে-র ইউটিনিলিটি তালিকার জন্য নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (New York State Department of Public Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন আপনার প্রতিবেশীর বিদ্যুৎ রয়েছে কিনা তা জানতে পরীক্ষা করুন। যোগাযোগ সহায়তা ও ফাংশনাল সহায়তা প্রয়োজন এমন ব্যক্তিদের খোঁজ নিন।
- জরুরি আলো জ্বালানোর জন্য কেবল ফ্ল্যাশলাইট ব্যবহার করুন – মোমবাতি থেকে আগুন লাগার ঝুঁকি রয়েছে।
- রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন – রেফ্রিজারেশন প্রয়োজন এমন বেশিরভাগ খাবার রেফ্রিজারেটরের দরজা বন্ধ অবস্থায় কয়েক ঘণ্টা নিরাপদ থাকে। দরজা বন্ধ অবস্থায় রেফ্রিজারেটর কমপক্ষে চার (4) ঘণ্টা খাবার ঠাণ্ডা রাখে। একটি পূর্ণাঙ্গ ফ্রিজার প্রায় 48 ঘণ্টার জন্য তাপমাত্রা ধরে রাখবে।
- ঘর গরম করার জন্য কয়লার গ্রিল ইনডোর এবং গ্যাস স্টোভ ব্যবহার করবেন না – এগুলো থেকে ক্ষতিকর মাত্রার কার্বন মনোঅক্সাইড ছড়াতে পারে।
- ঠাণ্ডা আবহাওয়ায়, কয়েক স্তরের জামা পরে এবং বাইরে কম সময় কাটানোর মাধ্যমে উষ্ণ থাকুন। ঠাণ্ডা-বাহিত বিভিন্ন উপসর্গ (যেমন, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং এ ধরনের কোনো উপসর্গ দেখা গেলে ডাক্তার দেখান।
- আপনি কোনো উঁচু ভবনে থাকলে, সিড়ি বেয়ে ভবনের সবচেয়ে নিচের তলায় নেমে যান। এলিভেটরে আটকে গেলে, সহায়তার জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন – এলিভেটরে প্রচুর বাতাস থাকে এবং এর ভেতরটা ব্যবহারকারির নিরাপত্তার কথা মাথায় রেখে তৈরি।
- আপনার পোষা প্রাণীকে সতেজ, ঠাণ্ডা পানি খাওয়াতে ভুলবেন না।
- অপ্রয়োজনীয় ভ্রমণ বাতিল করুন, বিশেষ করে গাড়িতে চড়ে। বিদ্যুৎ চলে গেলে ট্রাফিক বাতি কাজ করবে না, ফলে রাস্তায় জ্যাম লেগে যেতে পারে এবং গাড়ি চলাচলে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। লোডশেডিং অবস্থায় আপনাকে যদি গাড়ি চালাতেই হয়, তাহলে ট্রাফিক সিগনাল অকেজো থাকা সংযোগ সড়কগুলোতে 4-মুখী থামার নিয়মটি মেনে চলবেন।

- মনে রাখবেন যে ব্যাংকের এটিএম (ATMs) মেশিন ও এলিভেটর কাজ নাও করতে পারে।

আরো নিরাপত্তা সংক্রান্ত পরামর্শের জন্য, www.dhses.ny.gov/oem/safety-info/index.cfmএ DHSES এর ওয়েবসাইটে যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন